গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
আইন ও বিচার বিভাগ
বিচার শাখা-৫
www.lawjusticediv.gov.bd

নম্বর : ১০.০০.০০০০.১২৯.১৮.০১৩.২৩.৮৫৩

তারিখ : ২০ জ্যৈষ্ঠ ১৪৩২ / ০৩ জুন ২০২৫

**বিষয় : বাংলাদেশ সচিবালয়ে বৈদ্যুতিক দুর্ঘটনা ও অনাকাঙ্খিত অগ্নিকান্ড প্রতিরোধে আসন্ন ঈদ-উল-আযহা-২০২৫ এর দীর্ঘ ছুটিতে যাওয়ার আগে অফিস ত্যাগের প্রাক্কালে বৈদ্যুতিক সুইচসমূহ বন্ধ রাখা প্রসঙ্গে।**

সূত্র : নির্বাহী প্রকৌশলীর কার্যালয়, ঢাকা-এর ০২.০৬.২০২৫ খ্রি. তারিখের ২৫.৩৬.২৬০০.৭১০.০১.০০৯.২৫.৩৭৯৮ নম্বর স্মারক

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে নির্দেশিত হয়ে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ সচিবালয়ে বৈদ্যুতিক দুর্ঘটনা ও অনাকাঙ্খিত অগ্নিকান্ড প্রতিরোধে আসন্ন ঈদ-উল-আযহা-২০২৫ এর দীর্ঘ ছুটিতে যাওয়ার আগে অফিস ত্যাগের প্রাক্কালে আবশ্যিকভাবে কক্ষের লাইট, ফ্যান, এসি কম্পিউটারসহ অন্যান্য বৈদ্যুতিক যন্ত্রপাতির সুইচসমূহ বন্ধ রাখা প্রয়োজন। উল্লেখ্য, সাম্প্রতিক বিভিন্ন স্থাপনায় অগ্নিকান্ডের ঘটনার প্রেক্ষিতে বৈদ্যুতিক সরঞ্জামাদি ব্যবহারের ক্ষেত্রে অনাকাঙ্খিত অগ্নি-দুর্ঘটনা প্রতিরোধে সবাইকে সর্বাত্মক সচেষ্ট থাকার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

০৩/০৬/২৫

(কামরুল হাসান)
সিনিয়র সহকারী সচিব (প্রশাসন)
section5@lawjusticediv.gov.bd
ফোন: ২২৩৩৫৭৪২০

**কার্যার্থে ও জ্ঞাতার্থে বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। যুগ্মসচিব (সকল), আইন ও বিচার বিভাগ।
২। সলিসিটর, আইন ও বিচার বিভাগ [অধীনস্ত সকল কর্মকর্তা ও কর্মচারীকে অবহিত করার অনুরোধসহ]।
৩। মহাপরিদর্শক, নিবন্ধন, নিবন্ধন অধিদপ্তর, ১৪, আব্দুল গণি রোড, ঢাকা [অধীনস্ত সকল কর্মকর্তা ও কর্মচারীকে অবহিত করার অনুরোধসহ]।
৪। উপসচিব (সকল), আইন ও বিচার বিভাগ।
৫। উপদেষ্টা মহোদয়ের একান্ত সচিব, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়।
৬। সচিবের একান্ত সচিব, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়।
৭। সিনিয়র সহকারী সচিব (সকল), আইন ও বিচার বিভাগ।
৮। প্রোগ্রামার, আইন ও বিচার বিভাগ [ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ]।
৯। হিসাবরক্ষণ কর্মকর্তা, আইন ও বিচার বিভাগ।
১০। প্রশাসনিক/ব্যক্তিগত কর্মকর্তা (সকল), আইন ও বিচার বিভাগ।
১১। লাইব্রেরিয়ান, আইন ও বিচার বিভাগ।
১২। অফিস কপি।